ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০৬০

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৬

**অগ্নি ও জরুরী পরিষেবা দপ্তরের পক্ষ থেকে অগ্নি নির্বাপক যান এবং বিভিন্ন রকম সরঞ্জাম প্রদান**

আজ সকালে বাধারঘাটের ফায়ার সার্ভিস স্টেট ট্রেনিং সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে অগ্নি ও জরুরী পরিষেবা দপ্তরের পক্ষ থেকে অগ্নি নির্বাপক যান এবং বিপর্যয় মোকাবিলার বিভিন্ন রকম সরঞ্জাম প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে অগ্নি ও জরুরী পরিষেবা দপ্তরের অধিকর্তা মেঘা জৈন বলেন, বিভিন্ন সময়েই রাজ্যকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলা করতে হয়। প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার কাজ যাতে সহজতর হয় সেই লক্ষ্যে রাজ্যের বিভিন্ন ফায়ার স্টেশনের আধিকারিকদের কাছে দুর্যোগ মোকাবিলার বিভিন্ন রকম সরঞ্জাম, অগ্নি নির্বাপক যান, ওয়াটার টেন্ডার ইত্যাদি তুলে দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দপ্তরের যুগ্ম অধিকর্তা মিঠুন দাস চৌধুরী, দপ্তরের অবসরপ্রাপ্ত অধিকর্তা উত্তম মন্ডল প্রমুখ।

******